

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫১.২০১৩-৭) ৫০

তারিখঃ ১১.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মঞ্জুরুল কাদির (৩৬৬৪৪), সহকারী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিতে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২১.০৪.২০১৩ তারিখে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানীঅন্তে অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাকে "নিম্নপদে অথবা নিম্নটাইম স্কেলে নামিয়ে দেয়া" হবে না, মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মঞ্জুরুল কাদির (৩৬৬৪৪), সহকারী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তীর বক্তব্য, ও দাখিলকৃত কাগজপত্র, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় ভবিষ্যতের জন্য সতর্কপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হল।

  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫১.২০১৩-৭) ৫০/১৫

তারিখঃ ১১.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ
- ৪। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ মোঃ মঞ্জুরুল কাদির (৩৬৬৪৪), সহকারী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ

  
(মোঃ সাইদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)